



प्रधान मंत्री  
Prime Minister

## বার্তা

এই মহান দেশের চৌখস শিশুরা!

আজ শিক্ষা দিবস—আমাদের দেশের প্রথম শিক্ষামন্ত্রী মৌলানা আবুল কালাম আজাদের জন্মদিন। এই বছর আমরা এই দিন থেকে সমগ্র দেশে 'শিক্ষার অধিকার' অভিযান শুরু করতে চলেছি।

মৌলানা আজাদও যখন তোমাদের মতোই ছাত্র ছিলেন, তখন খুব মন দিয়ে পড়াশুনা করেছেন। পড়াশুনায় এতটাই অতুলনীয় ছিলেন যে মাত্র এগারো-বারো বছর বয়সেই তিনি নিজের দ্বিগুণ বয়সের মানুষদের শিক্ষক হয়ে গিয়েছিলেন। পরবর্তীকালে তিনি সাংবাদিক হন, আবার দেশের স্বাধীনতা সংগ্রামে মহাত্মা গান্ধীর সাথী, এবং যখন দেশ স্বাধীন হল তখন উনি শিক্ষামন্ত্রীর রূপে এমন এক ভারতের স্বপ্ন দেখেন যেখানে প্রত্যেক নাগরিক সাক্ষর। আমি চাই তোমরাও মৌলানা আজাদের মতো পড়াশুনা কর।

আমার কাছে একটা জাদু আছে যার সাহায্যে তোমরা অনেক বড় কাজ করতে পার। এই জাদুর নাম হল শিক্ষা। শিক্ষা জরুরী, কেবলমাত্র এইজন্যই নয় কি লেখাপড়া শেখার পর চাকরি পাওয়া যেতে পারে, বা সমাজে আদর সম্মান পাওয়া যেতে পারে। শিক্ষা এইজন্যই জরুরী যে পড়াশুনা করে আমরা একটা নতুন জগৎ তৈরী করতে পারি। শিক্ষা হল জাদু, কারণ লেখাপড়া করার পরে প্রত্যেক ব্যক্তির এক নতুন জন্ম হয়।

শিক্ষা অর্জন করার পর এক নতুন জন্ম আমারও হয়েছে। আমার পড়াশুনা হয়েছিল গ্রামের এক স্কুলে। এমনই গ্রামে যেখানে বিদ্যুৎ ছিল না। কেরোসিন তেলে জ্বলা কুপির আলোয় আমি স্কুলের পড়া করেছি। তখন আমার গ্রামে না ছিল কোনো পাকা রাস্তা, না ছিল স্কুল যাওয়ার জন্য কোনো দ্রুতগতির গাড়ি। মাইলের পর মাইল হেঁটে স্কুলে পৌঁছতাম। আমি আমার দিক থেকে প্রচুর পরিশ্রম করেছি এবং দেশও আমায় এই পরিশ্রমের জন্য সর্বদা অনেক মধুর ফল দিয়েছে। জীবনের এই চলার পথে আমি যেখানেই পৌঁছেছি আমার পড়াশুনার জন্যই পৌঁছেছি। এইজন্যই তোমাদের আবার বলছি শিক্ষা এমনই একটা জাদু যার সাহায্যে আমরা যেখানে খুশি সেখানে পৌঁছতে পারি।

আমার বাল্যকালে প্রাথমিক শিক্ষা এখনকার মতো না ছিল অবৈতনিক, আর না ছিল সমস্ত শিশুদের আজকের মতো শিক্ষা পাওয়ার অধিকার। বর্তমান ভারতে বৈষম্য ক্ৰান্তিরেকে শিক্ষা সমস্ত শিশুদের প্রাথমিক অধিকার। গান্ধীজী বলেছিলেন যেকোনো শিক্ষার জন্য সুস্থ জিজ্ঞাসা এবং প্রশ্ন করতে থাকা খুবই আবশ্যিক। তোমরা প্রচুর প্রশ্ন করো, প্রচুর উত্তর চাও, মন দিয়ে পড়াশুনা করো যাতে তোমরা সকলে অগ্রগতির পথে এগিয়ে চলার অবকাশ পেতে থাকো।

তোমরাও পড়াশুনা করে অনেক উপরে ওঠো। আমার ভালোবাসা এবং আশীর্বাদ তোমাদের সাথে আছে।

Mannohan Singh

(মনমোহন সিংহ)

নতুন দিল্লী

১১ নভেম্বর ২০১১